# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৮৯

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ মানুষের প্রতি নির্দেশ হলো মাখলূকাতকে ছেড়ে আল্লাহর মাধ্যমে অন্যের প্রতি মুখাপেক্ষীহীনতা অর্জন করবে, কেননা এ রকম ব্যক্তিকে মহান আল্লাহ নিজ অনুগ্রহের মাধ্যমে মুখাপেক্ষীহীন করে দিবেন

ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ بِالِاسْتِغْنَاءِ بِاللَّهِ جَلَّ وَعَلَا عَنْ خَلْقِهِ إِذْ فَاعِلُهُ يُغْنِيهِ اللَّهُ جَلَّ وعلا بتفضله

আরবী

3389 ـ أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى السَّاجِيُّ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ غِيَاثٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ أَبَا سَعِيدٍ الْخُدْرِيّ قَالَ: أَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا أُرِيدُ أَنْ أَسْأَلَهُ فَسَمِعْتُهُ يَخْطُبُ وَهُوَ يَقُولُ: (مَنْ يَسْتَغْنِ يُغْنِهِ اللَّهُ وَمَنْ يَسْتَعْفِفْ يُعِفَّهُ اللَّهُ وَمَنْ سَأَلَنَا أَعْطَيْنَاهُ) قَالَ: فَرَجَعْتُ وَلَمْ أَسْأَلْهُ فَأَنَا اليوم أكثر الأنصار مالاً.

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3389 | خلاصة حكم المحدث: حسن – ((صحيح أبي داود)) (1451).

বাংলা

৩৩৮৯. আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে সাহায্য চাওয়ার জন্য আসি। অতঃপর আমি এসে তাঁকে খুতবায় বলতে শুনি, তিনি বলেন, “যে ব্যক্তি মানুষের থেকে মুখাপেক্ষীহীন থাকতে চায়, আল্লাহ তাকে মুখাপেক্ষীহীন রাখেন, যে ব্যক্তি নিষ্কলুষ থাকতে চায়, আল্লাহ তাকে নিষ্কলুষ রাখেন আর যে ব্যক্তি আমার কাছে সাহায্য চাইবে, আমরা তাকে প্রদান করবো।”

রাবী বলেন, “তারপর আমি তাঁর কাছে কোন কিছু না চেয়ে চলে আসি। আর আজ আমি আনসারদের মাঝে সবচেয়ে বেশি সম্পদশালী।”[1]

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ২২১১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২১১; মুসনাদ আহমাদ: ৩/৩; আবূ ইয়ালা: ১১২৯; নাসাঈ: ৫/৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৪৫১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92723

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন